



সংযুক্ত আরব আমিরাতে সাজাপ্রাপ্ত ২৫ বাংলাদেশির মুক্তি



সংগৃহীত ছবি

সংযুক্ত আরব আমিরাতে বিভিন্ন ঘটনায় দণ্ডিত ২৫ জন বাংলাদেশি নাগরিককে ক্ষমা করে মুক্তি দিয়েছে দেশটির কর্তৃপক্ষ। বাংলাদেশ সরকারের পক্ষ থেকে ২০২৪ সালের জুলাই মাসের ঘটনাবলির প্রেক্ষাপটে মানবিক বিবেচনায় তাদের সাজা মওকুফের আবেদন জানানো হয়েছিল।

ইউএই দূতাবাসের তথ্যে জানা যায়, ক্ষমা পাওয়ার পর সবাইকে মুক্ত করে দেশে ফেরত পাঠানো হয়েছে। এই সিদ্ধান্তকে সংযুক্ত আরব আমিরাতে নেতৃত্বের সহানুভূতি, সহনশীলতা ও ন্যায়বোধের প্রকাশ হিসেবে দেখা হচ্ছে। একই সঙ্গে এটি দুই দেশের দীর্ঘদিনের সৌহার্দ্যপূর্ণ সম্পর্কেরও প্রতিফলন।

এর আগেও বিক্ষোভ সংশ্লিষ্ট ঘটনায় সাজাপ্রাপ্ত কয়েকজন বাংলাদেশিকে ইউএই কর্তৃপক্ষ দয়া দেখিয়ে মুক্তি দিয়েছিল। বিশ্লেষকদের মতে, এমন উদ্যোগ সংযুক্ত আরব আমিরাতে মানবিক নীতির ধারাবাহিকতা এবং প্রেসিডেন্ট শেখ মোহাম্মদ বিন জায়েদ আল নাহিয়ানের উদার দৃষ্টিভঙ্গিরই বহিঃপ্রকাশ।